

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে একাধিক অনুষদে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত কোন শিক্ষার্থী নিম্নে উল্লেখিত পদ্ধতিতে মাত্র একবার অনুষদ পরিবর্তন করতে পারবে

১। শিক্ষার্থী বর্তমানে যে অনুষদে ভর্তি আছে সেই অনুষদের ডীন বরাবর অনুষদ পরিবর্তনের জন্য দরখাস্ত করবে। (অনুষদ পরিবর্তনের পর যে অনুষদে ভর্তি হতে চায় সেই অনুষদের নাম ও তার ভর্তি পরীক্ষার রোল নম্বর দরখাস্তে উল্লেখ থাকতে হবে।) দরখাস্ত যাচাইয়ের পর ডীন অফিসেই সফটওয়্যারের মাধ্যমে তার ভর্তি Cancel করা হবে। ভর্তি Cancel-এর বিষয়টি দরখাস্তের উপর উল্লেখ করে ডীন মহোদয় স্বাক্ষর করবেন। উক্ত শিক্ষার্থীর সকল মূল কাগজপত্র ডীন অফিসের ব্যবস্থাপনায় পরবর্তীতে যে অনুষদে ভর্তি হতে চায় জরুরীভাবে সেখানে পাঠানোর ব্যবস্থা করবেন।

২। উক্ত শিক্ষার্থী অনুষদ পরিবর্তনের ফি বাবদ ১০২০/- টাকা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের পর প্রাপ্ত TrxID সহ যে অনুষদে ভর্তি হতে ইচ্ছুক সেখানে যোগাযোগ করবে।

ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর যে কোন Customer Account থেকে ফি প্রদান প্রক্রিয়াঃ

Step-1: ডায়াল \*322#

Step-2: “1. Payment” অপশন সিলেক্ট করতে হবে।

Step-3: “1. Bill Pay” অপশন সিলেক্ট করতে হবে।

Step-4: Enter Biller ID. এর স্থলে ‘377’ টাইপ করতে হবে।

Step-5: Enter Bill Number এর স্থলে অবশ্যই প্রার্থীর নিজস্ব মোবাইল নম্বর দিতে হবে।

Step-6: Enter Amount এর স্থলে ১০২০ দিতে হবে।

Step-7: Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর দিতে হবে।

Step-8: Payment Confirmation SMS আসবে। এই SMS-এর মাধ্যমে প্রাপ্ত Transaction ID (TrxID) সংরক্ষণ করতে হবে।

৩। পরবর্তী অনুষদ অফিস (যেখানে ভর্তি হতে ইচ্ছুক) দরখাস্তের যথার্থতা যাচাইয়ের পর অনুষদ পরিবর্তন প্রক্রিয়া সফটওয়্যারের মাধ্যমে সেখানে সম্পন্ন করবে। তারপর শিক্ষার্থীর সর্বশেষ ভর্তি ফরমের দুই কপি প্রিন্ট নিয়ে প্রত্যেকটিতে শিক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করে একটি হলের জন্য এবং অন্যটি ডীন অফিসে সংরক্ষণ করার মাধ্যমে অনুষদ পরিবর্তনের কাজ সম্পন্ন হবে।